



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২০.১৯.৩১০

তারিখ: ১৫ আষাঢ়, ১৪২৯

২৯ জুন ২০২২

বিষয়: নওগাঁ জেলার পোরশা ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব সুরেন্দ্রনাথ সাহা'র বিরুদ্ধে আত্মসাত ও দুর্নীতির অভিযোগ।

দুদক প্রধান কার্যালয়ের স্মারক নং ০০.০১.০০০০.৫০৩.২৬.১২৭.১৯-১৪০০৭; তারিখ ১০/৪/২০১৯খ্রি. মোতাবেক নওগাঁ জেলার পোরশা ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব সুরেন্দ্রনাথ সাহা'র বিরুদ্ধে জনাব মো: রোকোনুজ্জামান আত্মসাত ও দুর্নীতির অভিযোগ করেন। উক্ত অভিযোগ তদন্তপূর্বক প্রতিবেদন ১৫ কর্মদিবসের মধ্যে প্রেরণ করার জন্য মাউশি অধিদপ্তরে প্রেরণ করেন।

বর্ণিত বিষয়টি সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ ১৪ কর্ম দিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করার জন্য নওগাঁ সরকারি কলেজের অধ্যক্ষকে দায়িত্ব প্রদান করা হয়। তদন্ত কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেন।

তদন্ত কর্মকর্তার মতামত:


জনাব মা: রাকেনুজ্জামান, গ্রাম: নীতপুর বাজার, পো: নীতপুর, উপজেলা: পোরশা, জেলা: নওগাঁ কর্তৃক দুর্নীতি দমন কমিশনে পোরশা ডিগ্রী কলেজের (সদ্য জাতীয়করণকৃত) ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব সুরেন্দ্রনাথ সাহা এর বিরুদ্ধে আর্থিক অনিয়মের অভিযোগে দায়ের করেন। অভিযোগটি মাউশি কর্তৃক আমার উপর তদন্তের দায়িত্ব অর্পন করলে আমি গত ১৬/০৫/২০২২ খ্রি. সরেজমিনে তদন্তের উদ্দেশ্যে পোরশা ডিগ্রী কলেজে উপস্থিত হই। তদন্তকালে কলেজের বর্তমান ভারপ্রাপ্ত অধ্যক্ষ, স্টাফ কাউন্সিলের সম্পাদক জনাব সুনিল চন্দ্র পাল, কলেজের অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর সহ কলেজের বেশ কিছু শিক্ষক ও কর্মকর্তা কর্মচারীসহ অভিযুক্ত ভারপ্রাপ্ত অধ্যক্ষের লিখিত ও মৌখিক সাক্ষাৎকার গ্রহণ করি, অভিযুক্ত আর্থিক বিষয়াদির বিষয়ে রেকর্ডপত্র পর্যালোচনা করি। রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, অভিযুক্ত ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব সুরেন্দ্রনাথ সাহা প্রভাষক হিসেবে এই কলেজে ১৩/০৭/১৯৯১ তারিখ যোগদান করেন। গত ২৯/০৬/২০১৬ তারিখ তিনি ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব গ্রহণ করে গত ১৯/০৩/২০২১ তারিখে অবসর গ্রহণ করেন। ১) কলেজের অতিথি শিক্ষকের সম্মানী প্রদানের বিষয়ে অভিযোগে আনা হয়। তা রেকর্ডপত্র পর্যালোচনায় সত্যতা পাওয়া যায় নি। তবে সম্মানী প্রদানের ক্ষেত্রে আয়কর কর্তৃক বিধান থাকলেও তা করা হয় নি। ২) ২০১৩/১৪ শিক্ষাবর্ষের অনার্সের ভর্তির সময় অভিযুক্ত জনাব সুরেন্দ্রনাথ সাহা ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বে ছিলেন না। দায়িত্বে ছিলেন পূর্ববর্তী অধ্যক্ষ জনাব এস.এম. রেজাউল করিম। পরবর্তী ভর্তির অর্থসমূহের ব্যয়ের বিল ভাউচার পাওয়া যায়। তবে আদায়কৃত অর্থসমূহ ব্যাংকে জমা রেখে বিল ভাউচারের মাধ্যমে সমন্বয়ের নিয়ম থাকলেও তার বিপরীতে কোনো ব্যাংক স্টেটমেন্ট উপস্থাপন করতে পারেনি। যা পদ্ধতিগত ভুল বলে প্রতীয়মান হয়। ৩) কাবিখার বরাদ্দকৃত চাউলের বিষয়ে যে অনিয়মের অভিযোগে করা হয়েছে, তার কোনো সত্যতা পাওয়া যায় নি। এম.পি.ও শীট পর্যালোচনায় তা জালিয়াতির বিষয়ে কোনো প্রমাণ পাওয়া যায়নি। বাদী জনাব মা: রাকেনুজ্জামানকে চিঠি প্রদান করে উপস্থিতির জন্য বলা হলেও তিনি চিঠি গ্রহণ না করে ফেরৎ পাঠান। তাকে মার্বাইল ফোনে যোগাযোগে করা হলেও তিনি উপস্থিত হন নাই। সার্বিক মন্তব্য: অভিযোগকারীর সকল অভিযোগে যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সকল রেজিস্টার, কাগজপত্র, বিল, ভাউচার, গভর্নিং বডির রেজুলেশন সহ প্রাসঙ্গিক অন্যান্য কাগজপত্র সরেজমিন পর্যালোচনা ও সংশ্লিষ্টদের সাক্ষাৎকার শেষে সরকারি বিধি মোতাবেক উত্তোলিত অর্থ ব্যাংকে জমাদানের বাধ্যবাধকতা থাকলেও তা ব্যাংকে জমা হয় নাই। তবে অর্থ আত্মসাতের কোন মাটিভ

পরিলক্ষিত হয়নি। কলেজ পরিচালনার ক্ষেত্রে অভিযোগে সমূহের বর্ণনা অনুযায়ী কোন আর্থিক অনিয়ম বা দুর্নীতির সত্যতা পাওয়া যায়নি।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে তদন্ত কমিটির পর্যবেক্ষণ ও মতামত বিশ্লেষণ পূর্বক নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা ;

১, অধ্যক্ষকে ০৫ কর্ম দিবসের মধ্যে জবাব/ব্যাখ্যা প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং যথা সময়ে জবাব প্রদান না করলে তাঁর কোনো জবাব নেই বলে ধরে নেয়া হবে।

২, টিভি গভর্নিং বডির সভাপতিকে ০৫ কর্ম দিবসের মধ্যে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৯-৬-২০২২

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক

ফোন: +88-02-223351057

ইমেইল: dg@dshe.gov.bd

বিতরণ :

১) সভাপতি, গভর্নিং বডি, পোরশা ডিগ্রি কলেজ, নওগাঁ।

২) অধ্যক্ষ, পোরশা ডিগ্রি কলেজ, নওগাঁ


স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২০.১৯.৩১০/১

তারিখ: ১৫ আষাঢ়, ১৪২৯

২৯ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক, পরিচালক (দৈনিক ও সাম্প্রতিক অভিযোগ সেল), দুর্নীতি দমন কমিশন



২৯-৬-২০২২

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক